

প্রতিদিনের সংবাদ

www.protidinersangbad.com

ডিআইইউর শিক্ষার্থীরা চীনের পাঁচতারকা হোটেলে ইন্টার্নশিপের সুযোগ পাচ্ছেন

প্রকাশ | ১২ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০



অনলাইন ডেস্ক



চীনের আন্তর্জাতিক মানের পাঁচ তারকা হোটেলে ও রিসোর্টগুলোয় ইন্টার্নশিপের সুযোগ পাচ্ছেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীরা। চীনের হেইনান কলেজ অব ভ্যাকেশনের সহায়তায় এ ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালিত হবে। এ-সংক্রান্ত এক সেমিনার ৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম। সেমিনার পরিচালনা করেন ফোনিঞ্জ কনসালট্যান্সির প্রধান নির্বাহী কর্মকর্তা ফজলে রাবিব রুমন এবং ফোনিঞ্জ কনসালট্যান্সির প্রোপাইটর বিজয়া আনন্দ। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক অধ্যাপক ড. মো. ফখরে হোসেন, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক মাহবুব পারভেজসহ বিভাগের অন্য শিক্ষকরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম বলেন, উচ্চশিক্ষার আন্তর্জাতিক মান ও গুণগত বৈশিষ্ট্য নিশ্চিত করার লক্ষ্যে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ এবং সেই কারণে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি তার শিক্ষার্থীদের জন্য সেরা শিক্ষকদের মাধ্যমে পাঠদানের পাশাপাশি বিভিন্ন দক্ষতা

উন্নয়নবিষয়ক প্রোগ্রাম ও ইন্টার্নশিপের ব্যবস্থা করে থাকে। তিনি বলেন, আজকের সেমিনারের মাধ্যমে শিক্ষার্থীরা চীনের বিশ্বখ্যাত হোটেলগুলোয় ইন্টার্নশিপের ব্যাপারে জানতে পারবে এবং এই ইন্টার্নশিপের মাধ্যমে বিশেষভাবে উপকৃত হবে।

উল্লেখ্য, শিক্ষার্থীরা এক বছরের জন্য ইন্টার্নশিপের আওতায় চীনের আন্তর্জাতিক মানের পাঁচ তারকা হোটেলে ও রিসোর্টগুলোয় ইন্টার্নশিপের সুযোগ পাবেন। এ ছাড়া হেইনান কলেজ অব ভ্যাকেশন শিক্ষার্থীদের জন্য এক বছরের জন্য চীনা ভাষা শিক্ষা কোর্স পরিচালনা করবে। সংবাদ বিজ্ঞপ্তি।

"

ভারপ্রাপ্ত সম্পাদক : **মাহমুদ আনোয়ার হোসেন**, ফ্রন্ট মিডিয়া লিমিটেড এর পক্ষে **মোঃ তাজুল ইসলাম** কর্তৃক ১৫৯/ ডি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও মিডিয়া প্রিন্টার্স, ৪৪৬/এইচ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, ঢাকা থেকে মুদ্রিত। ফোন : ৮৮০-২-৮৮৭০৬৪০, মোবাইল : অনলাইন- ০১৬৭৮-৪৪০৬০৬, মফস্বল- ০১৬৭৮-৪৪০৬১১, বিজ্ঞাপন- ০১৮৪৪-১৬৮৫৭৮ ই-মেইল : অনলাইন- pdsonline24@gmail.com, বিজ্ঞাপন- deshjogajog@gmail.com, advtpsangbad@gmail.com.

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি